সমাধান : একজন মাঝি নৌকা চালানোর সময় যখন নৌকার পেছন থেকে বৈঠা দিয়ে পানিতে বা লগি দিয়ে ভূমিতে ধাক্কা দেন তখন পানি বা ভূমি যথাক্রমে বৈঠা ও লগির ওপর সমান ও বিপরীত বল প্রয়োগ করে। এই প্রতিক্রিয়া বলের অনুভূমিক উপাংশই নৌকাকে এগিয়ে নিয়ে যায় এবং উলম্ব উপাংশ ওজন দ্বারা নিষ্ক্রিয় হয়। তাই বৈঠা পিছনে ব্যবহার করতে হবে।

উত্তর : (ক)

## নমুনা প্রশ্ন ও সমাধান

০১। উঁচু রাস্তার পাদদেশ থেকে রাস্তার উপরে উঠতে কি করতে হয়?

(ক) সামনের দিকে ঝুঁকতে হয়
(খ) হাঁটু কিছুটা ভাঁজ করতে হয়
(গ) গোড়ালি উঁচু করতে হয়
(ঘ) সবগুলো

সমাধান : উঁচু রাস্তার পাদদেশ থেকে উপরের দিকে উঠতে পা দ্বারা প্রয়োগকৃত বল 'বল বিভাজন নীতি' অনুযায়ী দুটি উপাংশে বিভক্ত হয়। অনুভূমিক উপাংশের কারণে শরীর সামনে এগিয়ে যায় এবং উলম্ব উপাংশ দ্বারা শরীরের

ওজনের ভারসাম্য রক্ষা পায়। উঁচু রাস্তায় উঠার ক্ষেত্রে হাঁটু ভাজ করে সামনের দিকে ঝুঁকলে শরীরের ভারকেন্দ্র নিচে নেমে আসে। এতে শরীরের ওজন ভারসাম্য রক্ষার জন্য কম বল প্রয়োজন হয়।

**উত্তর :** (ঘ)

০২। কিছু মানুষকে দায়িত্ব দেয়া হলো একটি খেলার মাঠ সমান করতে। তাদের কাজের জন্য রোলার এর কিরূপে ব্যবহার করতে হবে?

(ক) মাঠে রোলার টানতে হবে
(খ) মাঠে রোলার ঠেলতে হবে
(গ) রোলার এর হাতল পরিবর্তন করতে হবে
(ঘ) রোলার এর ওজন কমাতে হবে

**সমাধান :** লন-রোলার ঠেলা হলে রোলার এর ওজন এবং ঠেলার বলের উলম্ব উপাংশ একই দিকে কাজ করে ভূমির উপর অতিরিক্ত চাপ দেয়, যা মাঠ সমান করার জন্য প্রয়োজন। তাই মাঠে রোলার ঠেলতে হবে।

**উত্তর :** (খ)

০৩। লন রোলারকে স্টোরেজ রুম থেকে মাঠে এনে কাজ করে আবার রেখে আসতে হবে। কোন উপায়ে সহজ হবে?

(ক) আসার সময় টেনে, কাজের সময় এবং যাওয়ার সময় ঠেলে
(খ) আসার এবং যাওয়ার সময় ঠেলে, কাজের সময় টেনে
(গ) আসার এবং যাওয়ার সময় টেনে এবং কাজের সময় ঠেলে
(ঘ) কোনটিই নয়

**সমাধান :** লন-রোলার টানা সহজ তাই আসা এবং যাওয়ার সময় টেনে নিতে হবে। কিন্তু কাজের সময় রোলার ঠেলতে হবে রোলারের ওজনের চেয়ে বেশি চাপ প্রয়োগ করতে।

**উত্তর :** (গ)

Type-02

## সরল যন্ত্র

**সরল যন্ত্র:** আমাদের দৈনন্দিন জীবনের নানা কাজকে সহজ করার জন্য বল বৃদ্ধি করতে যে সকল সাধারণ যন্ত্র আমরা ব্যবহার করি, সেগুলোকে সরল যন্ত্র বলে।

যেমন: কপিকল ব্যবহার করে একজন খুব সহজেই অনেক ভারী কোন বস্তু তুলতে পারে। এখানে সরল যন্ত্র কপিকল ব্যবহার করে বল অনেক গুণ বৃদ্ধি করা হয়েছে।

এ জাতীয় আরো কিছু সরল যন্ত্র হলো: ছুরি, কাঁচি, সাঁড়াশি, শাবল, যাতি ইত্যাদি। সরল যন্ত্রে কোন শক্তি দেয়া হয় না বা সরল যন্ত্র থেকে শক্তি বা কাজ নেয়া হয় না। যান্ত্রিক সুবিধা বা বল বৃদ্ধি করতেই মূলত সরল যন্ত্র ব্যবহৃত হয়। সরল যন্ত্রের সাথে যান্ত্রিক সুবিধা সম্পর্কিত। একটি যন্ত্র তার উপর প্রয়োগকৃত বল কত গুণ বৃদ্ধি করতে পারে তাই ঐ যন্ত্রের যান্ত্রিক সুবিধা।

যন্ত্র যেহেতু বল বৃদ্ধি করে তাই যান্ত্রিক সুবিধা ১ এর বেশি হয়। তাহলে যান্ত্রিক সুবিধা = $\frac{\text{ভার}}{\text{প্রযুক্ত বল}}$।

Case-01

## লিভার

একটি ভিত্তির উপর অবস্থিত বীমকে লিভার বলে। এটি একটি সরল যন্ত্র। লিভার থেকে যান্ত্রিক সুবিধা পাওয়া যায়। লিভার কোন ভারী বস্তুকে কম বল প্রয়োগ করে উঠাতে বা সরাতে সাহায্য করে।

**লিভারের মূলনীতি হল:**

বল × বল বাহুর দৈর্ঘ্য = ভার × ভার বাহুর দৈর্ঘ্য

$\Rightarrow \frac{\text{ভার}}{\text{বল}} = \frac{\text{বল বাহুর দৈর্ঘ্য}}{\text{ভার বাহুর দৈর্ঘ্য}}$




একাধিক ভরের জন্য, বল × বল বাহুর দৈর্ঘ্য = ১ম ভার × ১ম ভারের দূরত্ব + ২য় ভার × ২য় ভারের দূরত্ব।

**উদাহরণ-১:** 50kg ভরের ওজনটি সাম্যাবস্থা থেকে উপরে তুলতে বাম পাশে প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কত ভর প্রয়োগ করতে হবে?




**সমাধান :** ধরি, প্রয়োজনীয় ভর = x
লিভারের মূলনীতি অনুসারে,
সাম্যবস্থায় 5x = 2 × 50
∴ x = 20 কেজি

**উদাহরণ-২:** ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি রাখতে হবে?




**সমাধান :** ধরি, প্রয়োজনীয় ভর = x
লিভারের মূলনীতি অনুসারে,
সাম্যবস্থায় 5x = 15 × 50
∴ x = 150 কেজি

**লিভারের শ্রেণিবিভাগ:** ভার এবং ভিত্তির অবস্থানের উপর ভিত্তি করে লিভার তিন প্রকার।

**প্রথম শ্রেণীর লিভার:**

এই ক্ষেত্রে ভিত্তির অবস্থান প্রযুক্ত বল ও ভারের মাঝে থাকে। যেমন: কাঁচি দিয়ে কিছু কাঁটার সময় বস্তু যত বেশি ভিত্তির কাছে থাকবে, তা কাঁটা তত সহজ হবে। এরূপ আরো কিছু সরল যন্ত্র হল: সাঁড়াশি, নিক্তি, ঢেঁকি, নলকূপের হাতল ইত্যাদি।

### দ্বিতীয় শ্রেণীর লিভার:

এই ক্ষেত্রে ভার মাঝখানে এবং প্রযুক্ত বল ও ভিত্তি দুই পাশে। যেমন: যাঁতি দিয়ে সুপারি কাঁটার সময় সুপারি ভিত্তির যত কাছে হবে, কাঁটা তত সহজ হবে। এরূপ আরো কিছু সরল যন্ত্র হলো: এক চাকার ঠেলাগাড়ি, বোতল খোলার যন্ত্র ইত্যাদি।

### তৃতীয় শ্রেণীর লিভার:

এই ক্ষেত্রে প্রযুক্ত বল মাঝখানে এবং ভার ও ভিত্তি দুই পাশে অবস্থান করে। যেমন: লম্বা হাতার চিমটি দিয়ে কিছু ধরার সময় আঙ্গুলের চাপ যত শীর্ষের কাছাকাছি হবে, ধরে রাখা তত সহজ হবে। এখানেও ভার বাহুর দৈর্ঘ্য কমিয়ে বল বাড়ানো হয়েছে।

## বিগত BCS প্রিলি পরীক্ষার প্রশ্ন ও সমাধান

০১। ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রের বামদিকে কত ওজন রাখতে হবে?




[৪৪তম বিসিএস]

(ক) ৪ কেজি (খ) ৬ কেজি
(গ) ৮ কেজি (ঘ) ১০ কেজি

**সমাধান :** মনে করি, প্রশ্নবোধক স্থানে x কেজি বসবে
এখন, ভারসাম্যের সূত্রানুসারে,
৩ × ৮ = x ×৪
⇒ ২৪ = x × ৪
∴ x = ৬
উত্তর: (খ)

০২। লিভার (Lever)-এর ভারসাম্য ঠিক রাখতে প্রশ্নবোধক স্থানে কত পাউন্ড ওজন স্থাপন করতে হবে?

[৪৩তম বিসিএস]




(ক) 30 পাউন্ড (খ) 25 পাউন্ড
(গ) 40 পাউন্ড (ঘ) 35 পাউন্ড

**সমাধান :** মনে করি, ভিত্তি হতে 20 lb ভারের দূরত্ব = x
এবং 30 lb ভারের দূরত্ব = $\frac{x}{2}$
আবার প্রশ্নবোধক স্থানে 'a' lb ভার বসলে ভারসাম্য ঠিক থাকে।
∴ লিভারের মূলনীতি অনুসারে,
$\Rightarrow a.x = 20.x + 30.\frac{x}{2}$
$\Rightarrow a = 35$ lb
উত্তর : (ঘ)

০৩। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি রাখতে হবে? [৪০তম বিসিএস]




(ক) ১২০ (খ) ১৪০
(গ) ১৬০ (ঘ) ৮০

**সমাধান :** ধরি, ভর ক কেজি
∴ ১০০ × ৭ = ৫ × ক
বা, ক = $\frac{৭০০}{৫}$
∴ ক = ১৪০
উত্তর : (খ)

০৪। ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রে বাম দিকে কত ওজন রাখতে হবে? [৩৬তম বিসিএস]




(ক) ৪ কেজি (খ) ৬ কেজি
(গ) ৮ কেজি (ঘ) ১০ কেজি

**সমাধান :** ধরি, অজানা ভার = x কেজি
লিভারের মূলনীতি অনুযায়ী,
x × ৩ = ৬ × ৪
∴ x = ৮ কেজি
উত্তর : (গ)

## নমুনা প্রশ্ন ও সমাধান

০১। নিচের ছবিতে ভারসাম্য রক্ষার জন্য কত ওজনের প্রয়োজন?




(ক) ৪ কেজি (খ) ৬ কেজি
(গ) ৯ কেজি (ঘ) ২ কেজি

**সমাধান :** মনে করি, প্রশ্নবোধক স্থানে প্রয়োজন x কেজি
তাহলে, লিভারের মূলনীতি অনুসারে
বল × বল বাহুর দৈর্ঘ্য = ভার × ভার বাহুর দৈর্ঘ্য
x × ৬ = ৯ × ৪
∴ x = ৬ কেজি
উত্তর: (খ)

০২। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি ওজন প্রয়োজন?




(ক) ৫ কেজি (খ) ৭.৫ কেজি
(গ) ১০ কেজি (ঘ) ১২ কেজি

**সমাধান :** মনে করি, প্রশ্নবোধক স্থানে প্রয়োজন x কেজি
তাহলে, লিভারের মূলনীতি অনুসারে,
x × ২ = ১০ × ১
∴ x = ৫ কেজি
**উত্তর:** (ক)

০৩। নিচে কত বসালে স্কেলের ব্যালান্সটি সমান হবে?




(ক) 7 kg (খ) 6 kg
(গ) 7.7 kg (ঘ) 9 kg

**সমাধান :** ধরি, অজানা ভার = x kg
লিভারের মূলনীতি অনুযায়ী, 4.5 × 10 = x × 7.5
∴ x = 6 kg
**উত্তর :** (খ)

০৪। কোনটি সঠিক?




(ক) $d_1 > d_2$ (খ) $d_2 > d_1$
(গ) $d_1 = d_2$ (ঘ) $d_1 \neq d_2$

**সমাধান :** লিভারের মূলনীতি অনুসারে, $19\, d_1 = 19\, d_2$
$\therefore d_1 = d_2$
**উত্তর :** (গ)

০৫। প্রশ্নবোধক স্থানে দূরত্ব কত বসালে দণ্ডটির ভারসাম্য ঠিক থাকবে?




(ক) 9 (খ) 7
(গ) 14 (ঘ) 12

**সমাধান :** ধরি, অজানা দূরত্ব = x
লিভারের মূলনীতি অনুসারে, x × 60 = 80 × 9
∴ x = 12ft
**উত্তর :** (ঘ)

০৬। কোন হাতলটি উত্তোলন করতে কম শক্তি লাগবে?




(ক) A (খ) B
(গ) উভয়টিতে সমান (ঘ) নির্ণয় করা সম্ভব নয়

**সমাধান :** লিভারের মূলনীতি অনুসারে ভার বাহুর দৈর্ঘ্য কম হলে কম বলের প্রয়োজন হয়। যেহেতু A অপেক্ষা B তে ভিত্তি বিন্দু হতে ভার বাহুর দূরত্ব কম, B তে কম শক্তি লাগবে।
**উত্তর :** (খ)

০৭। Which man carries more weight?




(ক) A (খ) B
(গ) উভয়ে সমান (ঘ) নির্ণয় করা সম্ভব নয়

**সমাধান :** ঝুলানো ওজনটি B ব্যক্তির নিকটবর্তী থাকায় B ব্যক্তির জন্য বল বাহুর দৈর্ঘ্য কম তাই B ব্যক্তি, A ব্যক্তি অপেক্ষা বেশি ভার অনুভব করবে।
**উত্তর :** (খ)

**Case-02**

## কপিকল

### উত্তরণ Brief

কপিকল এক ধরনের সরল যন্ত্র। এতে একটি চাকতি থাকে যার উপর দিয়ে একটি রশি দুই দিকে ঝুলিয়ে দেয়া থাকে। চাকতিটি একটি অক্ষ দণ্ডকে কেন্দ্র করে ঘুরে।

কপিকলের যান্ত্রিক সুবিধা = $\dfrac{\text{বল যতটা পথ অতিক্রম করে}}{\text{ভার যতটা পথ অতিক্রম করে}}$

প্রয়োজনীয় বল = $\dfrac{\text{ভার}}{\text{ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা}}$




এখানে প্রথম চিত্রে ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ১ টি। তাই ভারটি তুলতে বল প্রয়োজন X। অপরদিকে দ্বিতীয় চিত্রে X ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ২টি। তাই ভারটি তুলতে বলের প্রয়োজন $\frac{X}{2}$।

উল্লেখ্য, কপিকলের বল গণনার ক্ষেত্রে শুধুমাত্র উর্দ্ধমুখি রশিগুলোকে গণনা করতে হবে, নিম্নমুখি রশিগুলো গণনায় আসবেনা।

উদাহরণ: Which is the smaller effort?




সমাধান : চিত্র ১-এ ভরের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ১ কিন্তু চিত্র ২-এ ভরের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ২টি। তাই চিত্র ২তে বল কম লাগবে।

## নমুনা প্রশ্ন ও সমাধান

০১। নিচের ছবিতে কোন Shaft টি দ্রুত ঘুরবে?




(ক) A (খ) B
(গ) C (ঘ) All are same

সমাধান : যেহেতু Shaft A এর ব্যাস কম (আকার ছোট) সেহেতু কপিকলটির মাধ্যমে বল প্রয়োগ করা হলে A Shaft টি দ্রুত ঘুরবে।

উত্তর: (ক)

০২। Which person must pull harder to lift the weight?




(ক) A (খ) B
(গ) Both A and B (ঘ) No difference

সমাধান : চিত্র, B তে ভরের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ১ কিন্তু চিত্র A তে ভরের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ২টি। তাই B চিত্রের ব্যক্তিকে বেশি বলে টানতে হবে।

উত্তর : (খ)

০৩। Approximately how much force is needed to lift the weight?




(ক) 24 lbs (খ) 10 lbs
(গ) 48 lbs (ঘ) 12 lbs

সমাধান : ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা = 2

প্রয়োজনীয় বল = $\frac{\text{ভার}}{\text{ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা}}$

∴ প্রয়োজনীয় বল = $\frac{24}{2}$ = 12 lbs

উত্তর : (ঘ)

০৪। নিচের বস্তুটিকে সরানোর জন্য কোনটিতে কম শক্তি প্রয়োগ করতে হবে?




(ক) A (খ) B
(গ) A ও B দুটিতেই সমান শক্তি (ঘ) কোনটিই নয়

সমাধান : A বস্তুতে দুটি রশি বিদ্যমান তবে উর্ধ্বমুখি রশি আছে শুধুমাত্র একটি। সুতরাং A বস্তুটি তুলতে শক্তি প্রয়োগ করতে হবে 20 ÷ 1 = 20 কেজি।

B বস্তুতে দুটি রশি বিদ্যমান এবং উর্ধ্বমুখি রশি আছে দুইটি। সুতরাং B বস্তুটি তুলতে শক্তি প্রয়োগ করতে হবে 20 ÷ 2 = 10 কেজি।

উল্লেখ্য, কপিকলের বল গণনার ক্ষেত্রে শুধুমাত্র উর্দ্ধমুখি রশিগুলোকে গণনা করতে হবে, নিম্নমুখি রশিগুলো গণনায় আসবেনা।

সুতরাং B বস্তুটি তুলতে কম শক্তির প্রয়োজন হবে।

উত্তর : (খ)

০৫। Approximately how much force is needed to lift the weight?




(ক) 38 lbs (খ) 10 lbs
(গ) 18 lbs (ঘ) 9 lbs

সমাধান : ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা = 2

অতএব প্রয়োজনীয় বল = $\frac{18}{2}$ = 9 lbs.

উত্তর : (ঘ)

Type-03

## যন্ত্রাংশ ও সরঞ্জাম

**গিয়ার:** গিয়ার বলতে খাঁজকাটা দাঁত বিশিষ্ট চাকা বুঝায় যা যন্ত্রের গতি কমাতে বা বাড়াতে এবং ঘূর্ণনের দিক পরিবর্তন করতে ব্যবহৃত হয়। দু'টি গিয়ার পরস্পর সংযুক্ত থাকলে ১ম টির বিপরীত দিকে ২য় টি ঘুরে। ৩য় গিয়ারটি ১ম টির দিকে এবং ৪র্থ টি ২য় টির দিকে। অর্থাৎ বিজোড় ক্রমসংখ্যার গিয়ারগুলো একই দিকে এবং জোড় ক্রমসংখ্যার গিয়ারগুলো তার বিপরীত দিকে ঘুরে। গিয়ার এর ক্ষেত্রে গিয়ারের আকার বড় হলে, তার সাথে যুক্ত ছোট গিয়ারের তুলনায় আস্তে ঘুরে।

**মূলনীতি:** ১ম চাকার ব্যাসার্ধ × ১ম চাকার ঘূর্ণন হার = ২য় চাকার ব্যাসার্ধ × ২য় চাকার ঘূর্ণন হার



১ম ও ৩য় টি একই দিকে ঘুরবে এবং ২য় টি ও ৪র্থ টি তাদের বিপরীত দিকে ঘুরবে।

**পুলি ও বেল্ট:** গিয়ার এর অনুরূপ আরেকটি ব্যবস্থা হল পুলি ও বেল্ট। গিয়ারের ক্ষেত্রে দু'টি গিয়ার পরস্পরের সাথে সংযুক্ত থাকে, অন্যদিকে দু'টি পুলি বেল্ট দ্বারা সংযুক্ত হয়। পুলির ক্ষেত্রে বেল্ট দ্বারা যুক্ত সবগুলো পুলি একই দিকে ঘুরবে কিন্তু পুলি দুটি বেল্ট দ্বারা আড়াআড়ি আকারে যুক্ত থাকলে পুলিদ্বয় পরস্পর বিপরীত দিকে ঘুরবে।




পুলি A ও B একই দিকে ঘুরবে।




পুলি A ও B বিপরীত দিকে ঘুরবে।

**স্ক্রু :** যেকোনো ধরনের স্ক্রু খোলার জন্য ব্যবহৃত স্ক্রু ড্রাইভার লিভারের নীতি মেনে চলে। যেখানে স্ক্রু ড্রাইভারের ধাতব অংশটি লিভারের ভিত্তি, হাতলটি বল বাহু এবং খাঁজ কাটা অংশটি স্ক্রুর মাপ অনুযায়ী নির্মিত হয়, তাই এখানে ভার বাহু নির্দিষ্ট। তাহলে স্ক্রু ড্রাইভার দ্বারা স্ক্রু খুলতে বা লাগাতে কত বল প্রয়োজন এবং কতবার ঘুরাতে হবে তা নির্ভর করে হাতলের ব্যাসের উপর। হাতলে ব্যাসার্ধ বেশি হলে বল বাহুর দৈর্ঘ্য বৃদ্ধি পায় তাই বল কম প্রয়োজন হয় এবং কম সংখ্যকবার ঘুরাতে হয়।

দৈনন্দিন জীবনে আমরা অনেক সরঞ্জাম ব্যবহার করি। এই সরঞ্জামগুলো বিভিন্ন যান্ত্রিক সুবিধা প্রদান করে। কিছু সরঞ্জাম এর নাম যেমন: হাতুড়ি, কাস্তে, কোদাল, প্লায়ার্স ইত্যাদি।

| | | | | |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |
| নাম: ম্যালেট | নাম: ওয়েল্ডার হ্যামার | নাম: ক্ল হ্যামার | নাম: চিসেল হ্যামার | নাম: ড্রিলিং হ্যামার |
| উপকরণ: কাঠ/প্লাস্টিক | উপকরণ: লোহা | উপকরণ: লোহা/স্টিল | উপকরণ: স্টেইনলেস স্টিল | উপকরণ: লোহা |
| কাজ: টাইলসের কাজ, কাঠের কাজ | কাজ: ওয়েল্ডিং এর কাজ/নরম ধাতুর কাজ | কাজ: পেরেক লাগাতে ও খুলতে, কাঠের কাজ | কাজ: করাতের দাঁত বা 'স' সেট করতে | কাজ: ড্রিলিং কাজ |
|  |  |  |  |  |
| নাম: ব্রিক হ্যামার | নাম: রিভিটিং হ্যামার | নাম: বল পিন হ্যামার | নাম: স্লেজ হ্যামার | নাম: রাবার হ্যামার |
| উপকরণ: লোহা/স্টিল | উপকরণ: লোহা | উপকরণ: লোহা | উপকরণ: লোহা | উপকরণ: রাবার |
| কাজ: ইট বা ফ্ল্যাট পাথর কাটতে, মেশিনারি কাজে | কাজ: রিভিট লাগাতে ও রিভিটের মাথা তৈরিতে | কাজ: বাঁকা ধাতু সোজা করতে | কাজ: ভাঙ্গার কাজে | কাজ: টাইলসের কাজে |

## বিগত BCS প্রিলি পরীক্ষার প্রশ্ন ও সমাধান

০১। একটি মোটা ও একটি চিকন হাতলওয়ালা স্ক্রু–ড্রাইভার দিয়ে একই মাপের দুটি স্ক্রু–কে কাঠবোর্ডের ভিতরে সমান গভীরতায় প্রবেশ করাতে চাইলে কোনটি ঘটবে? [৩৭তম বিসিএস]

(ক) মোটা হাতলের ড্রাইভারকে বেশি বার ঘুরাতে হবে
(খ) চিকন হাতলের ড্রাইভারকে বেশি বার ঘুরাতে হবে
(গ) দু'টিকে একই সংখ্যকবার ঘুরাতে হবে
(ঘ) কোনোটিই নয়

**সমাধান :** স্ক্রু ড্রাইভারের স্ক্রু লাগানোর সময় স্ক্রুর হাতলের ব্যাসার্ধ যাই হোক না কেন স্ক্রু ড্রাইভারের হাতল যতবার ঘুরানো হবে স্ক্রুটি ও ঠিক ততোবার ঘুরবে। স্ক্রুর সরণ তার ঘূর্ণনের উপর নির্ভরশীল হওয়ায় ভিন্ন ব্যাসার্ধের হাতলওয়ালা দুটি স্ক্রু ড্রাইভার দ্বারা ২টি সমান স্ক্রুকে সমান সংখ্যক বার ঘুরালে স্ক্রু ২টিও সমান সংখ্যক বার ঘুরবে আর ঘূর্ণন সংখ্যা সমান হলে স্ক্রুর সরণও সমান হবে অর্থাৎ ২টি স্ক্রুই সমান গভীরতায় প্রবেশ করবে।

**উত্তর :** (গ)

## নমুনা প্রশ্ন ও সমাধান

০১। কোনটি বেশি শক্তিশালী?


(ক) (খ) (গ) (ঘ)

**সমাধান :** হাতুড়ির ক্ষেত্রে আঘাত করার অংশ যতো বড় বা মোটা হয় সেটি তত বেশি শক্তিশালী হয়। 'খ' চিত্রের হাতুড়ির আঘাত করার অংশ অপর অপশন গুলোর হাতুড়ির আঘাত করার অংশের থেকে অধিক মোটা। সুতরাং 'খ' এর হাতুড়িটিই অধিক শক্তিশালী।

**উত্তর :** (খ)

০২। If X Moves in one direction as shown, then—




(ক) Y and Z move clockwise
(খ) Y and Z move counterclockwise
(গ) Y moves counterclockwise
(ঘ) Y moves counterclockwise and Z moves clockwise

**সমাধান :** পুলির ক্ষেত্রে বেল্ট দ্বারা যুক্ত সব গুলো পুলি একই দিকে ঘুরবে। তাই Y এবং Z একই দিকে X যেদিকে ঘুরে সেদিকে অর্থাৎ ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে (Clockwise).

**উত্তর :** (ক)

০৩। Which is the most suitable tool for general carpentry?


(ক) (খ) (গ) (ঘ)

**সমাধান :** কাঠমিস্ত্রি চিত্র ক এর সরঞ্জামটি ব্যবহার করে। কারণ বাকিগুলোর উভয় পাশ দিয়ে একই কাজ হবে।

**উত্তর :** (ক)

০৪। কোনো যান্ত্রিক গিয়ারের চাকা ছোট হলে বড়টির চেয়ে (সংযুক্ত অবস্থায়)— ঘুরবে।

(ক) আস্তে চলবে
(খ) একইভাবে চলবে
(গ) জোরে চলবে
(ঘ) এর কোনোটি নয়

**সমাধান :** গিয়ারের ক্ষেত্রে সংযুক্ত অবস্থায় বড় গিয়ার ছোট গিয়ারের তুলনায় ধীরে ঘুরে অর্থাৎ ছোট গিয়ার বড় গিয়ারের চেয়ে জোরে ঘুরে।

**উত্তর :** (গ)

০৫। কোন যন্ত্রটি কনক্রিট ভাঙতে সবচেয়ে উপযোগী?

| | | | |
|---|---|---|---|
|  (1) |  (2) |  (3) |  (4) |

(ক) 1
(খ) 2
(গ) 3
(ঘ) 4

**সমাধান :** '1', '2', '3' ও '4' অপশনে ব্যবহৃত হাতুড়িগুলো হলো: Framing Hammer, Rubber Mallet Hammer, Dead Blow Hammer, Ball Peen Hammer. কার্যদক্ষতা অনুযায়ী Dead Blow Hammer বেশি উপযোগী।

**উত্তর :** (গ)

০৬। When the left-hand gear turns in the shown direction, which way does the right-hand one turn?




(ক) Direction A
(খ) Direction B
(গ) Direction A & B
(ঘ) Neither Direction

**সমাধান :** দু'টি গিয়ার পরস্পর সংযুক্ত থাকলে ১ম টির বিপরীত দিকে ২য় টি ঘুরে। ১ম গিয়ারটি যেহেতু ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে তাই ২য় গিয়ারটি তার বিপরীত অর্থাৎ ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীত দিকে (অর্থাৎ, Direction A) ঘুরবে।

**উত্তর :** (ক)

০৭। Which shaft will turn most quickly?




(ক) A (খ) B
(গ) C (ঘ) All are same

**সমাধান :** Here, pulley A is the smallest among A, B, C. So the shaft mounted to pulley A will turn most quickly.

**উত্তর :** (ক)

০৮। যদি X পুলিটি 10rmp গতিতে ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে, তাহলে Y পুলি কোন দিকে এবং কত গতিতে ঘুরবে?




(ক) ঘড়ির কাঁটার দিকে আস্তে ঘুরবে
(খ) ঘড়ির কাঁটার দিকে দ্রুত ঘুরবে
(গ) ঘড়ির কাঁটার বিপরীতে আস্তে ঘুরবে
(ঘ) ঘড়ির কাঁটার দিকে সমান গতিতে ঘুরবে

**সমাধান :** বেল্ট দ্বারা যুক্ত সব গুলো পুলি একই দিকে ঘুরবে। তাই Y, X একইদিকে ঘুরবে। যেহেতু X এবং Y দুইজনেরই আকার সমান তাই সমান গতিতে ঘুরবে।

**উত্তর :** (ঘ)

০৯। উপরের রেক গিয়ারটি বামদিকে সমগতিতে সরানো হলে নিচের রেক গিয়ারটি কোনদিকে যাবে?



(ক) বামে, দ্রুত (খ) বামে, একই
(গ) বামে, আস্তে (ঘ) ডানে, একই

**সমাধান :** এখানে উপরের রেক গিয়ারটি বামে গেলে ১ম গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীত দিকে এবং ২য় গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরবে। তাই নিচের রেক গিয়ারটি বামদিকে যাবে। যেহেতু গিয়ার দুটির আকার সমান তাই গতি একই থাকবে।

**উত্তর :** (খ)

১০। ১ম গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে ঘুরে তাহলে ৩য় ও ৫ম গিয়ারটি কোন দিকে ঘুরবে?



(ক) ৩য় গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে ও ৫ম গিয়ারটি ঘড়ির কাঁটার বিপরীত দিকে
(খ) ৩য় গিয়ারটি ঘড়ির কাঁটার বিপরীত দিকে ও ৫ম গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে
(গ) ৩য় ও ৫ম উভয় গিয়ারই ঘড়ির কাঁটার দিকে ঘুরবে
(ঘ) ৩য় ও ৫ম উভয় গিয়ারই ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরবে

**সমাধান :** কয়েকটি গিয়ার পরস্পর সংযুক্ত থাকলে ১ম টির বিপরীত দিকে ২য় টি ঘুরে। ২য় টির বিপরীত দিকে ৩য় টি ঘুরে। অর্থাৎ, ১ম, ৩য় ও ৫ম গিয়ারটি একই দিকে ঘুরবে এবং ২য় টি ও ৪র্থ টি তাদের বিপরীত দিকে ঘুরবে।
১ম গিয়ারটি যেহেতু ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে তাই ৩য় ও ৫ম গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরবে।



**উত্তর:** (গ)

১১। If drive wheel X rotates clockwise at a speed of 10 rpm. How does wheel Y turn?




(ক) anti c/w faster (খ) c/w slower
(গ) c/w faster (ঘ) anti c/w slower

**সমাধান :** As X and Y wheels are connected by belt so they will rotate in the same direction. But Y wheel is smaller than X so it will rotate faster.

**উত্তর :** (গ)

১২। If gear X turns clockwise at a constant speed of 15 rpm. How does gear Y turn?




(ক) Anti Clock Wise 15 rpm
(খ) c/w 15 rpm
(গ) anti c/w 7.5 rpm
(ঘ) c/w 7.5 rpm

সমাধান : কয়েকটি গিয়ার পরস্পর সংযুক্ত থাকলে ১ম, ৩য় ও ৫ম গিয়ারটি একই দিকে ঘুরবে এবং ২য় টি ও ৪র্থ টি তাদের বিপরীত দিকে ঘুরবে। ১ম গিয়ারটি যেহেতু ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে তাই ৫ম গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরবে।

চাকার ব্যাসার্ধ সমান হলে ঘূর্ণন বেগও সমান হবে।

যেহেতু চিত্রে ১ম ও ৫ম চাকার ব্যাসার্ধ সমান, সেহেতু ১ম চাকা ও ৫ম চাকার ঘূর্ণন বেগ সমান।

∴ ৫ম চাকাটি 15 rpm বেগে ঘড়ির কাঁটার দিকে ঘুরবে।

উত্তর : (খ)

## Type-04
## জটিল যন্ত্র

### উত্তরণ Brief

যে সব যন্ত্র বাহ্যিক শক্তি বা উৎস থেকে শক্তি নিয়ে কাজ করে বা শক্তি দেয় যা অন্য কাজ করতে ব্যবহৃত হয় তাকে জটিল যন্ত্র বলে। সরল যন্ত্রের সাথে জটিল যন্ত্রের পার্থক্য হলো, সরল যন্ত্র বল বৃদ্ধি করে কোন রূপ বাহ্যিক শক্তি ছাড়া আর জটিল যন্ত্র শক্তি বা কাজ বৃদ্ধি করে বাহ্যিক শক্তি ব্যবহার করে। আমাদের দৈনন্দিন ব্যবহার কিছু জটিল যন্ত্র হলো: ডিজেল ইঞ্জিন, স্টিম ইঞ্জিন, ডিসি জেনারেটর ইত্যাদি। জটিল যন্ত্রের সাথে যান্ত্রিক দক্ষতা সম্পর্কিত। কোন যন্ত্র প্রদত্ত কাজ বা শক্তির কতটুকু ব্যবহার করতে পারে তাই ঐ যন্ত্রের যান্ত্রিক দক্ষতা।

তাই, যান্ত্রিক দক্ষতা $= \frac{\text{প্রাপ্ত কাজ বা শক্তি}}{\text{প্রদত্ত কাজ বা শক্তি}}$

যেহেতু প্রদত্ত কাজ/শক্তি, প্রাপ্ত কাজ/শক্তির চেয়ে বেশি সেহেতু যন্ত্রের যান্ত্রিক দক্ষতার মান কখনো ১ এর বেশি হয় না।

## নমুনা প্রশ্ন ও সমাধান

০১। নিচের কোনটি একটি বর্তনী তৈরি করে?

(ক) 

(খ) 

(গ) 

(ঘ) 


সমাধান : (ক) এর চিত্রে LED উল্টাভাবে লাগানো- ফলে বর্তনী তৈরী হয় না।



চিত্র: LED বর্তনী

(খ) ২য় বর্তনীটি পূর্ণ বর্তনী
(গ) ৩য় চিত্রে সুইচের কারণে বর্তনীটি খোলা
(ঘ) ৪র্থ বর্তনীতে রোধ অসংযুক্ত অবস্থায় আছে

উত্তর: (খ)

০২। পিস্টনের আয়তন যত বাড়ে ইঞ্জিনের শক্তি ততো বাড়ে।

(ক) সত্য　(খ) মিথ্যা
(গ) আংশিক সত্য　(ঘ) সম্পর্কহীন

সমাধান : পিস্টনের আয়তন যত বাড়ে ইঞ্জিনের সিলিন্ডারও তত বড় হয়, আর বড় সিলিন্ডার মানেই বেশি জ্বালানি দহন। তাই বড় পিস্টন মানে ইঞ্জিনের গতিশক্তিও বেশি।

উত্তর : (ক)

০৩। পিস্টন ব্যবহার করা হয় কোন ইঞ্জিনে?

(ক) জেট ইঞ্জিনে　(খ) বন্দুকে
(গ) ডিজেল ইঞ্জিনে　(ঘ) বৈদ্যুতিক ইঞ্জিনে

সমাধান : অপশনে উল্লিখিত শুধুমাত্র ডিজেল ইঞ্জিনে পিস্টন থাকে। জেট ইঞ্জিনে বা বৈদ্যুতিক ইঞ্জিনে কোন পিস্টন থাকে না।

উত্তর : (গ)

০৪। প্রপেলর ইঞ্জিনে প্লেন চালাতে প্রয়োজন হয়—।

(ক) গ্যাসোলিন　(খ) বেশি আর্দ্রতা
(গ) মাধ্যাকর্ষণ বল　(ঘ) বাতাস

সমাধান : প্রপেলর ইন্জিনে প্লেন চালাতে বাতাসের প্রয়োজন হয়। প্লেনের প্রপেলর বা ইন্জিন বাতাসের বিপরীতে প্রচন্ড ধাক্কা দেয়ার মাধ্যমে সেগুলোকে উড়িয়ে নিয়ে যায়।

উত্তর : (ঘ)

০৫। রাস্তা ভাঙার কাজে ব্যবহৃত হাইড্রোলিক যন্ত্রে ব্যবহার করা হয়—

(ক) বাতাস (খ) পানি
(গ) তৈল (ঘ) বিদ্যুৎ

**সমাধান :** হাইড্রোলিক শব্দে হাইড্রো শব্দের অর্থ পানি। যেহেতু এ যন্ত্রে পানি ব্যবহার করা হয় তাই এর নাম হাইড্রোলিক।

**উত্তর :** (খ)

০৬। আন্তঃমহাদেশীয় গাইডেড মিসাইল ব্যবহার করে —।

(ক) মহাকর্ষীয় রশ্মি (খ) লেজার রশ্মি
(গ) আণবিক শক্তি (ঘ) আইসোটোপ

**সমাধান :** অপশনে উল্লিখিত মহাকর্ষীয় রশ্মি, আণবিক শক্তি, আইসোটোপ কোনটিই মিসাইল এর গাইডেড সিস্টেমে ব্যবহার হয় না। কিন্তু লেজার রশ্মি ব্যবহৃত হয়। কারণ, লেজার রশ্মি সহজে বিচ্যুত হয়না এবং নির্দিষ্ট লক্ষ্য বস্তুতে আঘাত হানা নিশ্চিত করে।

**উত্তর :** (খ)

০৭। হাইব্রিড গাড়ি অতিরিক্ত শক্তি পায়—।

(ক) যান্ত্রিকভাবে (খ) বৈদ্যুতিকভাবে
(গ) গ্যাসের মাধ্যমে (ঘ) অন্যভাবে

**সমাধান :** হাইব্রিড গাড়ি স্থির অবস্থা থেকে গতিশীল করতে শক্তির যোগান দেয় ইঞ্জিন কিন্তু গতিশক্তি বাড়াতে ব্যবহৃত হয় বৈদ্যুতিক মোটর।

**উত্তর :** (খ)

০৮। পিস্টন ব্যবহার করা হয় না কোন ইঞ্জিনে?

(ক) ডিজেল ইঞ্জিনে (খ) পেট্রোল ইঞ্জিনে
(গ) স্টিম ইঞ্জিল (ঘ) জেট ইঞ্জিনে

**সমাধান :** অপশনে উল্লিখিত ডিজেল, পেট্রোল, স্টিম ইঞ্জিনে পিস্টন থাকে। শুধুমাত্র জেট ইঞ্জিনে পিস্টন থাকে না। পিস্টনের পরিবর্তে দহনের জন্য চেম্বার থাকে।

**উত্তর :** (ঘ)

০৯। মোবাইল ফোনের বার্তা ও কথা এক স্থান থেকে অন্যস্থানে পাঠাতে ব্যবহৃত হয়-

(ক) মাইক্রোওয়েভ (খ) ইনফ্রারেড
(গ) আলো (ঘ) রেডিও ওয়েভ

**সমাধান :** মোবাইল ফোনের বার্তা ও কথা এক স্থান থেকে অন্যস্থানে পাঠাতে ব্যবহৃত হয় মাইক্রোওয়েভ। ইনফ্রারেড, লাইডার (আলো), রেডিও ওয়েভ ব্যবহৃত হয় না।

**উত্তর :** (ক)

১০। বৈদ্যুতিক মোটর এর ব্যবহার কোনটি?

(ক) ডিজেল জেনারেটর (খ) বৈদ্যুতিক ট্রান্সফর্মার
(গ) পানি উত্তোলনের পাম্প (ঘ) বিমান চালনায়

**সমাধান :** ডিজেল জেনারেটরে, বৈদ্যুতিক ট্রান্সফর্মারে, বিমান চালনায় বৈদ্যুতিক মোটর ব্যবহৃত হয় না। পানি উত্তোলনের পাম্পের পাখাটি ঘুরাতে বৈদ্যুতিক মোটর ব্যবহৃত হয়।

**উত্তর :** (গ)

## প্র্যাক্টিস প্রবলেম

০১। কোন বর্ণগুচ্ছ আয়নায় একই দেখাবে?

(ক) STOP (খ) STOUT
(গ) IMAGE (ঘ) TUT

০২। LINGUA FRANCA শব্দটি আয়নায় কেমন দেখাবে?

(ক) Ⅎꓤ∀NCE ⅂INGՈ∀
(খ) ⅂INGՈ∀ Ⅎꓤ∀NCE
(গ) AƆИAЯꟻ AUGИI⅃
(ঘ) ƎƆИ∀ꓤℲ AUGИI⅃

০৩। একটি শব্দ দুটি দর্পণে পর পর দুইবার প্রতিফলিত হচ্ছে। প্রথম দর্পণে শব্দটি BANGLADESH হলে দ্বিতীয় দর্পণে শব্দটির রূপ -

(ক) BANGLADESH (খ) HSƎD∀⅂ƆN∀ꓭ
(গ) HƧƎDA⅃ƏИAꓭ (ঘ) BANGLEDSEH

০৪। Choose the correct water image of the figure (x).




(ক) 1 (খ) 3
(গ) 2 (ঘ) 4

০৫। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি ওজন প্রয়োজন?




(ক) ৫ কেজি (খ) ৭.৫ কেজি
(গ) ১০ কেজি (ঘ) ১২ কেজি

০৬। EXCELLENT শব্দটি আয়নায় কেমন দেখাবে?

(ক) TИƎ⅃⅃ƎƆXƎ (খ) ƎXƆƎ⅃⅃ƎИT
(গ) TИE⅃⅃EƆXƎ (ঘ) EXƆƎLLENT

০৭। Choose the correct mirror image of the figure (X).




(ক) 1 (খ) 3
(গ) 2 (ঘ) 4

০৮। ‹LATIᗡIᗡ বাংলাদেশ› আয়নায় প্রতিফলিত এ শব্দটি বাস্তবে কি?

(ক) DIGITAL বাংলাদেশ
(খ) শেদালগংব DIGITAꓶ
(গ) বাংলাদেশ DIGITAꓶ
(ঘ) DIGITAꓶ শেদালগংব

০৯। Choose the correct water image of the figure(A).


(A)

(ক) 
(খ) 
(গ) 
(ঘ) 

১০। INCIPIENT শব্দটি আয়নায় কেমন দেখাবে?

(ক) TNƎIPIϽNI
(খ) IИϽIPIƎИT
(গ) INƎIPICИT
(ঘ) TNƎIPIϽNI

১১। লিভার (Lever)-এর ভারসাম্য ঠিক রাখতে প্রশ্নবোধক স্থানে কত পাউন্ড ওজন স্থাপন করতে হবে?




(ক) 60 পাউন্ড
(খ) 45 পাউন্ড
(গ) 40 পাউন্ড
(ঘ) 50 পাউন্ড

১২। কোনো ঘড়ির পানির প্রতিচ্ছবিতে সময় ১:১৫ হলে, প্রকৃত সময় কত?

(ক) ৭:১৫
(খ) ১০:১৫
(গ) ৪:১৫
(ঘ) ৫:১৫

১৩। BIG BꓤOꓕHEꓤ নিচের কোনটির পানিতে প্রতিচ্ছবি?

(ক) BIG BROTHER
(খ) BIG BRotheR
(গ) BIG BrotHER
(ঘ) BiG BrotHER

১৪। আয়নাতে দেখা গেল সময় ৪:২৫ হলে, সেই ঘড়ির পানির প্রতিচ্ছবিতে সময় কত দেখাবে?

(ক) ১০:৫০
(খ) ০৭:৪০
(গ) ০৮:২৫
(ঘ) ০৯:৪০

১৫। দেয়াল ঘড়িতে ৮:২৫ বাজলে, দর্পণে প্রতিফলিত রূপ কোনটি হবে?

(ক) 
(খ) 
(গ) 
(ঘ) 

১৬। Choose the alternative which is closely resembles the water-image of the given combination. MUNDANE

(ক) EUNDANM
(খ) EUMDANM
(গ) WՈNDⱯNE
(ঘ) ƎNⱯᗡNՈW

১৭। BANGLADESH শব্দটিতে কোন বর্ণ পানিতে ও বাস্তবে দেখতে একই রকম?

(ক) A ও D
(খ) H ও L
(গ) E ও N
(ঘ) H ও E

১৮। একটি লন রোলারকে যদি দুইজন ব্যক্তির একজন টেনে নেয় ও একজন ঠেলে নেয় তবে কার বেশি কষ্ট হবে?

(ক) টেনে নেয়া ব্যক্তির
(খ) ঠেলে নেয়া ব্যক্তির
(গ) দু'জনের সমান কষ্ট হবে
(ঘ) কোনোটিই নয়

১৯। DƎXꓕƎꓤ এর পানিতে প্রতিচ্ছবি কোনটি?

(ক) DƎXTƐR
(খ) DƎXT3Я
(গ) DƎXꓕ3R
(ঘ) DƎXT3R

২০। একটি শব্দ দুটি আয়নায় পর পর দুইবার প্রতিফলিত হচ্ছে। প্রথম আয়নায় প্রতিফলনের পূর্বে শব্দটি HYGIENE হলে দ্বিতীয় আয়নায় শব্দটির রূপ –

(ক) HYGIENE
(খ) ƎИƎIGYH
(গ) HYGIƎИƎ
(ঘ) ENEIGYH

২১। 'bid' এর দর্পণ প্রতিবিম্ব কোনটি?

(ক) dib
(খ) bid
(গ) bib
(ঘ) did

২২। Choose the correct water image of the question figure.



Question figure

(ক) 

(খ) 

(গ) 

(ঘ) 

২৩। How much force is required to move the weight?




(ক) 50 kg (খ) 72 kg
(গ) 60 kg (ঘ) 90 kg

২৪। ২৪৯৬৩২ সংখ্যাটির দর্পণ চিত্র কোনটি?

(ক) ১৩৬৯৪১ (খ) ১৩৬৯৪১
(গ) ১৩৬৯৪১ (ঘ) ১৩৪৯৬১

২৫। কোনো যান্ত্রিক গিয়ারের চাকা বড় হলে ছোটটির চেয়ে (সংযুক্ত অবস্থায়)— ঘুরবে।

(ক) আস্তে চলবে (খ) একইভাবে চলবে
(গ) জোরে চলবে (ঘ) এর কোনোটি নয়

২৬। Choose the correct mirror image of the question figure.



Question figure

(ক)  (খ) 
(গ)  (ঘ) 

২৭। WЯA1T8H এর দর্পণ চিত্র কোনটি?

(ক) H8T1AЯW (খ) H8T1ARW
(গ) H8⊥1ARW (ঘ) H8T1AʁW

২৮। ০২৫৩৮ সংখ্যাটির দর্পণ চিত্র কোনটি?

(ক) ৭৩১২০ (খ) ৭৩৫২০
(গ) ৭৩১২০ (ঘ) ৭৩১২০

২৯। দু'টি স্ক্রু ড্রাইভার এর একটি হাতল চিকন, আরেকটির মোটা হলে, একই মাপের দুটি স্কু-কে কাঠবোর্ডের ভিতরে সমান গভীরতায় প্রবেশ করাতে চাইলে কোনটি ঘটবে?

(ক) চিকন হাতলের ড্রাইভারকে বেশিবার ঘুরাতে হবে
(খ) মোটা হাতলের ড্রাইভারকে বেশিবার ঘুরাতে হবে
(গ) দুটিকে একই সংখ্যকবার ঘুরাতে হবে
(ঘ) নির্ণয় করা সম্ভব নয়

৩০। If gear X turns clockwise at a constant speed of 10 rpm. How does gear Y turn?




(ক) Anti Clock Wise 10 rpm
(খ) c/w 10 rpm
(গ) anti c/w 5 rpm
(ঘ) c/w 5 rpm

৩১। প্রদত্ত চিত্রটির সঠিক দর্পণ প্রতিবিম্ব নিচের কোনটি?



(ক)  (খ) 
(গ)  (ঘ) 

৩২। প্রদত্ত চিত্রটির সঠিক দর্পণ প্রতিবিম্ব নিচের কোনটি?




(ক)  (খ) 
(গ)  (ঘ) 

৩৩। প্রদত্ত চিত্রটির সঠিক দর্পণ প্রতিবিম্ব নিচের কোনটি?



(ক)  (খ) 
(গ)  (ঘ) 

৩৪। প্রদত্ত চিত্রটির সঠিক দর্পণ প্রতিবিম্ব নিচের কোনটি?



(ক)  (খ) 

(গ)  (ঘ) 

৩৫। HEINOUS এর পানিতে প্রতিচ্ছবি কোনটি?

(ক) HEIИOՈƧ (খ) ƧՈOИIEH

(গ) HEINOUS (ঘ) HƎIИOUS

৩৬। satellite এর পানিতে প্রতিচ্ছবি কোনটি?

(ক) ƨɒtellitɘ (খ) ƨɒtellitɘ

(গ) ƨɒtellitɘ (ঘ) ɘtilletaƨ

৩৭।  ঘড়িটির পানিতে প্রতিচ্ছবি কেমন হবে?

(ক)  (খ) 

(গ)  (ঘ) 

৩৮। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত পাউন্ড সংযুক্ত করতে হবে?




(ক) 30 (খ) 35

(গ) 28 (ঘ) 25

৩৯। নিচের চিত্রে প্রদর্শিত weightটি উত্তোলন করতে কোথায় সবচেয়ে কম ওজন প্রয়োগ করতে হবে?




(ক) A তে

(খ) B তে

(গ) উভয়টিতে সমান বল প্রয়োগ

(ঘ) কোনটিই নয়

৪০। BANGLADESH শব্দটির পানিতে প্রতিবিম্ব কীরূপ হবে?

(ক) HƧEDA⅃ GИAB (খ) HSEDA⅃GNAB

(গ) BAИGLADEƧH (ঘ) HƧEDALGNAB

৪১। SUPERVISOR শব্দটি আয়নায় দেখলে তার সঠিক রূপটি হবে-

(ক) ЯOƧIVЯƎꟼUƧ (খ) ƧՈPEЯVIƧOЯ

(গ) ЯOSIVЯƎꟼՈS (ঘ) ЯOƧIVЯƎꟼUƧ

৪২। কোনটি প্রদত্ত চিত্রটি আয়নায় প্রফিলন?



(ক)  (খ) 

(গ)  (ঘ) 

৪৩। UNIVERSITY শব্দটির পানিতে প্রতিবিম্ব কেমন হবে?

(ক) ՈNIVEЯƧITY (খ) YTIƧЯEVIИՈ

(গ) UNIVEЯƧITY (ঘ) YTISREVINU

৪৪। কোন শব্দটি আয়নায় একই দেখাবে?

(ক) RONY (খ) INK

(গ) HOH (ঘ) HELLO

৪৫। একটি ঘড়িতে সময়  হলে পানিতে দেখলে কেমন দেখা যাবে?

(ক)  (খ) 

(গ)  (ঘ) 

৪৬। প্রদত্ত চিত্রটির দর্পণ প্রতিবিম্ব নিচের কোনটি?




৪৭। 60 পাউন্ডের ভার হতে কত ফুট দূরত্বে স্তম্ভটি রাখলে দণ্ডটির ভারসাম্য ঠিক থাকবে?




(ক) 9 (খ) 7
(গ) 14 (ঘ) 10

৪৮। ১৯৫২৫৪৮৫ নিচের কোন সংখ্যাটির আয়নায় রূপ এটি?

(ক) ১৭৯১৫৬৪৫ (খ) ১৭৯১৫৬৯৫
(গ) ১৭৪১৫৬৪৫ (ঘ) ১৭৯১২৬৪৫

৪৯। দর্পণ থেকে ৫ ফুট দূরত্বে দাঁড়ানো ১৫০ সে.মি. লম্বা এক ব্যক্তির প্রতিবিম্বের আকার কত হবে?

(ক) ৫ ফুট (খ) ১৫০ সে.মি.
(গ) ৩৪০ সে.মি. (ঘ) ৮৫ সে.মি.

৫০। আয়নায় প্রতিফলিত ‘ᗡN3ꓲЯꟻ’ এর আসল রূপ কোনটি?

(ক) FR13ND (খ) FR1ƐИD
(গ) ᗡNƐꓲЯꟻ (ঘ) ᗡИƐꓲЯꟻ

৫১। In the electrical circuit below which light bulbs should be lit if Switch 1 is on and Switch 2 is off?




(ক) All should be off
(খ) All should be on
(গ) A, C & D should be on
(ঘ) A, B, C & D should be on

৫২। A coffee pot is tilted. The level of coffee inside looks like which drawing?




(ক) A (খ) A
(গ) C (ঘ) D

৫৩। Which two switches should be closed to light up bulbs 2 and 3 only?




(ক) P and T (খ) Q and R
(গ) Q and S (ঘ) Q and T

৫৪। How many pulleys turn clock wise?



(ক) 3 (খ) 4
(গ) 5 (ঘ) 6

৫৫। কোনটি প্রদত্ত চিত্রটির আয়নায় প্রতিফলন?




**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঘ | ০২ | গ | ০৩ | গ | ০৪ | খ | ০৫ | গ |
| ০৬ | ক | ০৭ | ঘ | ০৮ | খ | ০৯ | গ | ১০ | ক |
| ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক |
| ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |
| ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ক |
| ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | গ |
| ৪১ | ক | ৪২ | খ | ৪৩ | ক | ৪৪ | গ | ৪৫ | ঘ |
| ৪৬ | খ | ৪৭ | ঘ | ৪৮ | ক | ৪৯ | খ | ৫০ | খ |
| ৫১ | গ | ৫২ | ঘ | ৫৩ | ঘ | ৫৪ | গ | ৫৫ | খ |